গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং- ৪৫.০২.০০০০.০১০.১৮.০৫০.২০-২১২৫ তারিখঃ ০৪/১০/২০২১

**বিষয়ঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | প্রকৌশলী মোঃ আনোয়ার হোসেন<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ)<br>এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা। |
| সভার তারিখ | ঃ | ৩০/০৯/২০২১ খ্রিঃ |
| সভার সময় | ঃ | বিকাল ৩: ০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | সভাকক্ষ, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা। |

১। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বিস্তারিত উপস্থাপনের জন্য ইনোভেশন টিম এর সদস্য সচিব জনাব আবুল কাইয়ুম খান, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয় কে অনুরোধ জানান।

২। জনাব আবুল কাইয়ুম খান জানান যে, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনায় একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, একটি সেবা সহজিকরণ ও ন্যূনতম একটি সেবা ডিজিটালাইজড করতে হবে। ই-ফাইলে ৮০% নোট নিষ্পত্তি করতে হবে। এছাড়া ওয়েবসাইটে তথ্য বাতায়ন নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। গত ২৯/০৯/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় সুপারিশকৃত উদ্ভাবনী উদ্যোগসমূহের মধ্যে থেকে যে কোন একটি সেবা সহজিকরণ এবং ডিজিটালাইজেশন করা যেতে পারে।

সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, PFD ওপি'র আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প কাজ মনিটরিং এর জন্য প্রজেক্ট মনিটরিং সিস্টেম সফটওয়্যার চালুকরণ কাজ অগ্রাধিকার ভিত্তিতে চালু করা যেতে পারে।

জনাব মোঃ আব্দুল হামিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ)(চঃদাঃ) জানান যে, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর ড্রইং ও ডিজাইন এর অনলাইন ডেলিভারি ও ডিজিটাল আর্কাইভ প্রস্তুতকরণ কাজটি চলতি অর্থ বছরের ক্রয় পরিকল্পনায় অনুমোদিত হয়েছে। কাজটি দ্রুত বাস্তাবায়নের পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (প্রকল্প ব্যবস্থাপনা-১) জানান যে, নতুন নতুন উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিকট পত্র প্রেরণ করা যেতে পারে।

সভায় এতদসংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিভাবে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত ঃ</u>

(ক) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর ২০২১-২০২২ অর্থ বছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

(খ) PFD ওপি'র আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প কাজ মনিটরিং এর জন্য প্রজেক্ট মনিটরিং সিস্টেম সফটওয়্যার চালুকরণ কাজ দ্রুত শেষ করতে হবে।

(গ) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর ড্রইং ও ডিজাইন অনলাইন ডেলিভারি ও ডিজিটাল আর্কাইভ প্রস্তুতকরণ কাজটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

(ঘ) নতুন উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য সার্কেল ও বিভাগীয় কার্যালয়ে পত্র প্রেরণ করা যেতে পারে।

(ঙ) সেবা সহজিকরণ সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে।

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রকৌঃ মোঃ আনোয়ার হোসেন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ)
এইচইডি, প্রধান কার্যালয়
ও
সভাপতি, ইনোভেশন টিম

স্মারক নং- ৪৫.০২.০০০০.০১০.১৮.০৫০.২০-২১২৫/১(১৭)

তারিখঃ ০৪/১০/২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়), স্বাস্থ্য সেবা বিভাগ।

২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এবং লাইন ডাইরেক্টর (ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট)
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-১/২/৩/৪/৫/৬/৭/৮।

৭। নির্বাহী প্রকৌশলী (প্রকল্প ব্যবস্থাপনা-১), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

৮। নির্বাহী প্রকৌশলী (পুর-ডিজাইন), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

৯। সহকারী পরিচালক (অর্থ), এইচইডি, প্রধান কর্যালয়, ঢাকা।

১০। প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কর্যালয়, ঢাকা।

4/10/2021

আব্দুল কাইয়ুম খান
নির্বাহী প্রকৌশলী (তড়িৎ)
এইচইডি, প্রধান কার্যালয়
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম

o/c

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভায় সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা

সভার তারিখ : ৩০/০৯/২০২১ খ্রিঃ

সময় : বিকাল ৩.০০ ঘটিকা

স্থান : এইচইডি, প্রধান কার্যালয়ের সভা কক্ষ।

| ক্রমিক নং | নাম ও পদবী | কার্যালয়ের নাম | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | মো: আব্দুল হামিদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌ: (তড়িৎ)(চ:দা:) | এইচইডি<br>প্রধান কার্যালয়,<br>ঢাকা | ৩০/৯/২১ |
| ২ | প্রকৌ: মো: মাইনুল ইসলাম<br>নির্বাহী প্রকৌশলী | এইচইডি<br>প্রধান কার্যালয়<br>ঢাকা। | 30/09/21 |
| ৩ | আবুল কাইয়ুম খান<br>নির্বাহী প্রকৌশলী | HED, HQ | 30/9<br>2021 |
| ৪ | রিভিয়া সুলতানা<br>নির্বাহী প্রকৌশলী (ডিজাইন) | | |
| ৫ | মোঃ মাহমুদুল হাসান মামুন<br>সহকারী প্রকৌশলী (পুর)<br>পূর্ত ডিজাইন শাখা | স্বাস্থ্য প্রকৌশল<br>অধিদপ্তর,<br>প্রধান কার্যালয় | ৩০/০৯/২০২১ |
| ৬ | হাবিবুর রহমান<br>সহকারী প্রকৌশলী (তড়িৎ)<br>প্রকল্প ব্যবস্থাপনা (তড়িৎ) | ঐ | ৩০/০৯/২০২১ |
| ৭ | সৈয়দ মোঃ হাবিবুর রহমান<br>সহকারী পরিচালক (অর্থ) (চ:দা:) | -ঐ- | 30.09.2021 |
| ৮ | | | |